



## জনসংযোগ কার্যালয়

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাতার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২৪৮৪১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২৪৮৪১০৫২  
ওয়েবসাইট: [www.juniv.edu](http://www.juniv.edu)



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

**নব নিযুক্ত নির্বাচিত উপাচার্য পদে অধ্যাপক ড. মো: নূরুল আলমের যোগদান**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৩ সেপ্টেম্বর ২০২২।

মহামান্য রাষ্ট্রপতি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চ্যাসেলরের অনুমোদনক্রমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাময়িক দায়িত্বপ্রাপ্ত উপাচার্য পদার্থবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মো: নূরুল আলম-কে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১১ (১) ধারা অনুযায়ী উপাচার্য পদে নিয়োগ প্রদান করা হয়েছে। উপাচার্য হিসেবে তাঁর মেয়াদ হবে যোগদানের তারিখ থেকে ৪ বছর। আজ ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত উপসচিব মো: মাহমুদুল আলম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে নব নিযুক্ত নির্বাচিত উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মো: নূরুল আলম আজ অপরাহ্নে যোগদান করেন। বেলা সাড়ে চারটায় বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের কাউন্সিল কক্ষে এ যোগদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. অজিত কুমার মজুমদার, সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. আকবার হোসেন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. লায়েক সাজাদ এন্ডেল্লাহ, আফ ম কামাল উদ্দিন হলের প্রভোস্ট ও ভারপ্রাপ্ত প্রষ্টর আ. স. ম. ফিরোজ-উল-হাসান এবং প্রষ্টরিয়াল টিমের সদস্যবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভাগীয় সভাপতি, অফিস প্রধান, বিভিন্ন বিভাগের শিক্ষক, ছাত্রলীগ জাবি শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক, অফিসার সমিতির সভাপতি, কর্মচারী সমিতির সভাপতি প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) রহিমা কানিজ।

নব নিযুক্ত নির্বাচিত উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম তাঁকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দানের জন্য মহামান্য রাষ্ট্রপতি ও চ্যাসেলর, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষা উপমন্ত্রী, শিক্ষা সচিব এবং সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বিশ্ববিদ্যালয় পরিচালনায় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

**নব নিযুক্ত নির্বাচিত উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলমের জীবনী**

উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম ১৯৫৭ সালের ১ জানুয়ারি ঢাকা জেলার ধামরাই উপজেলার জলসা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি স্বনামধন্য প্রধান শিক্ষক মো: দরবেশ আলী ও রিজিয়া বেগমের পুত্র। কুশরা আব্বাস আলী উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জের দেববেন্দ্র কলেজ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের চতুর্থ ব্যাচের মেধাবী শিক্ষার্থী অধ্যাপক ড. মো: নূরুল আলম ১৯৮২ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে প্রভাষক পদে যোগদান করেন এবং ১৯৯৭ সালে অধ্যাপক পদে পদোন্তিলাভ করেন। তিনি পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক, হল প্রভোস্ট, গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন, অর্থকমিটি, সিনেট এবং সিভিকেট সদস্য হিসেবে কর্ম দক্ষতা এবং সততার সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

তাহাড়া অধ্যাপক ড. মো. নূরুল আলম বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি, তিনি মেয়াদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচিত সভাপতি এবং উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি এবং বর্তমানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে দায়িত্ব পালন করেছেন। জাতীয় ও আর্টজাতিক বিভিন্ন সভা, সেমিনার এবং গবেষণা কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য তিনি যুক্তরাজ্য, ইতালি, ভারতসহ বিভিন্ন দেশ সফর করেছেন। একজন সমাজ-সচেতন, সজ্জন, জনপ্রিয় এবং দলমত নির্বিশেষে বিশ্ববিদ্যালয়ে সকলের কাছে গ্রহণযোগ্য ব্যক্তিত্ব হিসেবে তিনি অধিক সমাদৃত। বিশিষ্ট পদার্থবিজ্ঞানী অধ্যাপক ড. মো: নূরুল আলম ১৭ এপ্রিল ২০২২ তারিখ থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। এর আগে তিনি উপ-উপাচার্য (শিক্ষা) পদে দায়িত্ব পালনের পাশাপাশি ২ মার্চ ২০২২ তারিখ থেকে অতিরিক্ত দায়িত্ব হিসেবে সতত ও দক্ষতার সাথে উপাচার্যের রূপটিন দায়িত্ব ও পালন করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)